



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০২৩.২৩-১৭৯৪

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক, উপপরিচালক, সহকারী পরিচালক, শিক্ষা অফিসার/গবেষণা কর্মকর্তা এবং সমপর্যায়ের অন্যান্য কর্মকর্তাসহ মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রায়শই কর্মকর্তাগণ বিভিন্ন ওয়ার্কশপ, প্রশিক্ষণ, দাপ্তরিক সভা-সেমিনার, তদন্ত কার্যক্রম এবং দাপ্তরিক ভ্রমণে অংশগ্রহণের জন্য ক্ষেত্রবিশেষ কর্তৃপক্ষকে অবহিত ব্যক্তিরেকে কর্মস্থলের বাইরে অবস্থান করেন। ফলে জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কর্মস্থলে উপস্থিত না পাওয়ায় এবং কর্তৃপক্ষ অবগত না থাকায় মন্ত্রণালয় এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী জরুরি কাজের নির্দেশনা পালনে ব্যাঘাত ঘটে যা সমীচীন নয়।

২। বর্ণিতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে প্রয়োজনে কর্মস্থল ত্যাগের পূর্বে নিটকতম উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে কর্মস্থল ত্যাগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এস. এম. আনহারুজ্জামান
যুগ্মসচিব, পরিচালক (প্রশাসন)
ইমেইল- diradmin@dpe.gov.bd

বিতরণ:

- ১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিটেন্ডেন্ট, পিটিআই (সকল) জেলা।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইউআরসি/টিআরসি (সকল) উপজেলা।

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০২৩.২৩-১৭৯৪

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ০৩। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারি (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ০৪। অফিস কপি।